

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট এর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থ বছরের ০৩ (তিন) মাস মেয়াদী ২য় ব্যাচে অক্টোবর/২০২৩ইং হতে ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত “আধুনিক দর্জি বিজ্ঞান” ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ভর্তি করা হবে। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক আগ্রহী মহিলাদের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে আবেদন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট বরাবরে আহবান করা যাচ্ছে। আবেদন পত্রের সাথে জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০১ (এক) কপি রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

শর্তাবলী সমূহঃ

- ১। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ১২/০৯/২০২৩ হতে ২১/০৯/২০২৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ ও জমা করা যাবে।
- ২। প্রার্থীকে ১৮-৪৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণ গ্রহণে শারীরিকভাবে সক্ষম হতে হবে।
- ৩। নিম্ন আয়ভুক্ত পরিবারের মহিলারা আবেদন করতে পারবেন।
- ৪। পরিবারের প্রধান গরীব মহিলা, তালাক প্রাপ্ত/বিধবা/ স্বামী পরিত্যক্তা অথবা যাহার স্বামী কর্মে অক্ষম/অবিবাহিতা সহায় সম্বলহীন অগ্রাধিকার পাবেন।
- ৫। শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৫ম শ্রেণী পাশ হতে হবে।
- ৬। আবেদনকারীকে অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৭। ইতোপূর্বে উক্ত ট্রেডে অত্র কার্যালয় হতে যাহারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাহারা উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক আবেদন করিলে তাহা গ্রহণ যোগ্য হবে না।

নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ১২/০৯/২০২৩ইং হতে ২১/০৯/২০২৩ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম গ্রহণ ও জমা করা যাবে। নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ২৫/০৯/২০২৩ ইং রোজঃ সোমবার, সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা হতে প্রার্থীদের স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে। স্বাক্ষাৎকার গ্রহণের জন্য প্রাপ্ত আবেদনকারী-কে কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার সময়ে আবেদনকারীর ভোটার আইডি কার্ড অথবা জন্ম সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।



১২/০৯/২০২৩

(লায়লা আকতার বানু)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কালীগঞ্জ, লালমনিরহাট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
- ০৫। উপজেলা ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৬। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৮। উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ০৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
- ১০। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), কালীগঞ্জ, লালমনিরহাট।
- ১১। সভাপতি / নির্বাহী পরিচালক, (সকল এনজিও / সমিতি) কালীগঞ্জ, লালমনিরহাট কে উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানানো হলো।
- ১২। অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি।